

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯৫০

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (کتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/৮. সর্ববৃহৎ দল

بَاب السَّوَادِ الْأَعْظَم

আরবী

حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ عُتْمَانَ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا مُعَانُ بْنُ رِفَاعَةَ السَّلَامِيُّ، حَدَّثَنِي أَبُو خَلَفٍ الْأَعْمَى، قَالَ سَمِعْتُ أَنسَ بْنَ مَالِكِ، يَقُولُ سَمِعْتُ رَسُولَ السَّلَامِيُّ، حَدَّثَنِي أَبُو خَلَفٍ الْأَعْمَى، قَالَ سَمِعْتُ أَنسَ بْنَ مَالِكٍ، يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ عَلَى ضَلَالَةٍ فَإِذَا رَأَيْتُمُ اخْتِلاَفًا اللَّهِ على ضَلَالَةٍ فَإِذَا رَأَيْتُمُ اخْتِلاَفًا فَعَلَيْكُمْ بِالسَّوَادِ الأَعْظَمِ ".

বাংলা

১/৩৯৫০। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ আমার উম্মাত পথভ্রষ্টতার উপর ঐক্যবদ্ধ হবে না। তোমরা মতভেদ দেখতে পেলে অবশ্যই সর্ববৃহৎ দলের সাথে থাকবে।

English

Anas bin Malik said:

"I heard the Messenger of Allah () say: 'My nation will not unite on misguidance, so if you see them differing, follow the great majority.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ প্রথম বাক্যটি ব্যাতিত খুবই দুর্বল কারণ প্রথম বাক্যটি সহীহ। মিশকাত ১৭৩-১৭৪, যইফাহ ২৮৯৬, সহীহ আল-জামি' ১৮৪৮। উক্ত হাদিসের রাবী ১. আল-আব্বাস বিন উসমান আদ-দিমাশকী সম্পর্কে আবুল হাসান বিন সুমায় বলেন, তিনি সিকাহ। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি কখনো কখনো সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ।



(তাহযীবুল কামালঃ রাবী নং ৩১৩২, ১৪/২৩৩ নং পৃষ্ঠা) ২. মুআন বিন রিফাআহ আস-সালামী সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, তার হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য নয়। ইবরাহীম বিন ইয়াকুব আল-জাওযুজানী বলেন, তিনি হুজ্জাহ নয়। ইবরু হাজার আল-আসকালানী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। দুহায়ম আদ-দিমাশকী বলেন, তিনি সিকাহ। ইবরু মাঈন বলেন, তিনি দুর্বল। ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬০৪৩, ২৮/১৫৭ নং পৃষ্ঠা) ৩. আবু খালাফ আল আ'মা সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মিথ্যার অভিযোগে অভিযুক্ত। ইমাম যাহাবী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি মিথ্যুক। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৩৪৭, ৩৩/২৮৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন